

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ



অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, নভেম্বর ১৩, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ  
(কাস্টমস ও মূল্য সংযোজন কর)

## প্রজ্ঞাপন

তারিখ: ২৬ কার্তিক, ১৪২৬ বঙ্গাব্দ/১১ নভেম্বর, ২০১৯ খ্রিস্টাব্দ

এস. আর. ও. নং-৩৫৫-আইন/২০১৯/৫০/কাস্টমস |—Customs Act, 1969 (Act No. IV of 1969) এর section 19 এর sub-section (1) এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৮৭ নং আইন) এর ধারা ১২৬ (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে, এই বিভাগের ১৮ জ্যৈষ্ঠ, ১৪২৪ বঙ্গাব্দ মোতাবেক ১ জুন, ২০১৭ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৫৮-আইন/২০১৭/৮৮/ কাস্টমস এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত প্রজ্ঞাপনের—

- (ক) শর্ত (৭) এর “এবং” শব্দ বিলুপ্ত হইবে;  
(খ) শর্ত (৮) এর প্রান্তিক্ষিত “।” চিহ্নের পরিবর্তে “; এবং” চিহ্ন ও শব্দ প্রতিস্থাপিত হইবে,  
এবং অতঃপর নিম্নরূপ শর্ত (৯) সংযোজিত হইবে, যথা:—

“(৯) কোন শিল্প প্রতিষ্ঠানে স্থাপিত অগ্নি নির্বাপক দরজা (Fire Resistant Door) প্রতিস্থাপনের প্রয়োজনে পুনরায় আমদানি করিতে হইলে উক্ত প্রতিষ্ঠানের আবেদনের প্রেক্ষিতে সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর বিভাগীয় দণ্ডের উক্ত প্রতিষ্ঠান সরেজমিনে পরিদর্শনপূর্বক সংশ্লিষ্ট কাস্টম হাউস বা কাস্টমস স্টেশনে উক্তরূপ আমদানির বিষয়ে প্রতিবেদন প্রেরণ করিবেন এবং উক্ত প্রতিষ্ঠান কর্তৃক অগ্নি নির্বাপক দরজা প্রতিস্থাপনের জন্য প্রয়োজনীয় পরিমাণ সুনির্দিষ্টভাবে উল্লেখ করিয়া শর্ত (২) মোতাবেক প্রত্যয়নপত্র পণ্য শুল্কায়নকালে সংশ্লিষ্ট কাস্টম হাউস বা কাস্টমস স্টেশনে দাখিল করিতে হইবে এবং এইক্ষেত্রে শর্ত (৩) হইতে শর্ত (৮) এর বিধানাবলি প্রযোজ্য হইবে।”।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মোশাররফ হোসেন ভুঁইয়া, এনডিসি  
সিনিয়র সচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,  
ঢাকা কর্তৃক প্রকাশিত। website : [www.bgpress.gov.bd](http://www.bgpress.gov.bd)

(২৪৯২৯)

মূল্য : টাকা ৮.০০